

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪০৫

১/ বিবিধ

আরবী

من صلى الصبح ثم قرأ (قل هو الله أحد) مائة مرة قبل أن يتكلم، فكلما قرأ (قل هو  
الله أحد) غفر له ذنب سنة  
موضوع

أخرجه الطبراني (22 / 96 / 232) وكذا الحاكم (3 / 570) وابن عساكر (19 / 196 /  
2) من طريق محمد بن عبد الرحمن القشيري حدثني أسماء بنت وائلة بن الأسقع  
قالت: كان أبي إذا صلى الصبح جلس مستقبل القبلة لا يتكلم حتى تطلع الشمس  
فربما كلمته في الحاجة فلا يكلمني فقلت ما هذا؟ فقال: فذكره  
قلت: سكت عليه الحاكم، ويبيض له الذهبي، وقال الهيثمي في "المجمع" (10 / 109)  
بعد أن عزاه للطبراني: وفيه محمد بن عبد الرحمن القشيري وهو متروك  
قلت: بل هو كذاب كما قال الأزدي، وقال ابن أبي حاتم (3 / 2 / 325)  
" سألت أبي عنه؟ فقال: متروك الحديث، كان يكذب ويفتعل الحديث

বাংলা

৪০৫। যে ব্যক্তি সকালের সালাত আদায় করবে। অতঃপর কোন কথা বলার পূর্বেই একশত বার কুল-হু-আল্লাহু  
আহদ পাঠ করবে, সে যখনই কুল-হু-আল্লাহু আহাদ পাঠ করবে তখনই তার এক বছরের গুনাহ ক্ষমা করে দেয়া  
হবে।

হাদীসটি জাল।

এটি তাবারানী (২২/৯৬/২৩২), অনুরূপভাবে হাকিম (৩/৫৭০) এবং ইবনু আসাকির (১৯/১৯৬/২) মুহাম্মাদ ইবনু আবদির রহমান আল-কুশায়রী সূত্রে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাকিম হাদীসটি সম্পর্কে কিছু না বলে চুপ থেকেছেন। হায়সামী "আল-মাজমা" গ্রন্থে (১০/১০৯) বলেছেনঃ এটির সনদে মুহাম্মাদ ইবনু আবদির রহমান কুশায়রী রয়েছেন; তিনি মাতরূক।

আমি (আলবানী) বলছিঃ তিনি মিথ্যুক; যেমনভাবে আযদী বলেছেন। ইবনু আবী হাতিম (৩/২/৩২৫) বলেনঃ আমি আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি বলেনঃ তিনি মাতরূকুল হাদীস, মিথ্যা বলতেন এবং হাদীস জাল করতেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67990>

📄 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন